JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 175 মিলিয়ন ডলার ব্যায়ে শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগ (WORKFORCE DEVELOPMENT INITIATIVE) চালু করেছেন

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পর্ষদের মাধ্যমে সংযুক্ত অর্থায়নের আবেদনের সুযোগ প্রত্যেক নিউইয়র্কারের জন্য অর্থনৈতিক সুযোগ তৈরির লক্ষ্যে প্রণীত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগ চালুর ঘোষণা দিয়েছেন যার আওতায় স্টেটজুড়ে শ্রমশক্তি উন্নয়নের জন্য 175 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হবে। এর উদ্দেশ্য হচ্ছে কৌশলগত আঞ্চলিক উদ্যোগগুলোকে সহায়তা করা যার মাধ্যমে ব্যবসা প্রতিষ্ঠানগুলোর স্বল্প-মেয়াদী শ্রমশক্তির চাহিদা পূরণ হবে, আঞ্চলিক মেধার সরবরাহ বাড়বে, স্থানীয় শ্রমশক্তি প্রতিষ্ঠানগুলোর নমনীয়তা ও অভিযোজন ক্ষমতা বাড়বে, শিক্ষানবীশ হওয়ার সুযোগ বৃদ্ধি পাবে, এবং বর্ধনশীল শিল্পকারখানাগুলোর দীর্ঘমেয়াদী চাহিদা পূরণ হবে। এছাড়াও এইসব তহবিল নারী, যুব, এবং ক্যারিয়ার অগ্রসর করতে উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হয় এমন জনগণের অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করতে নেওয়া প্রচেষ্টাকেও সমর্থন করবে।

"আমাদের এটা নিশ্চিত করতে হবে যে আজকের শ্রমশক্তি কেবল বর্তমান চাকরির জন্যই প্রস্তুত নয়, বরং আগামী দিনের কাজের জন্যও প্রস্তুত", **গভর্নর কুওমো বলেন।** "শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগ স্টেটের ভবিষ্যত প্রবৃদ্ধি নিশ্চিত করার এবং 21 শতকের অর্থনীতিতে নিউইয়র্কারদের সফল হতে সহায়তা করার আরেকটি উল্লেখযোগ্য পদক্ষেপ।"

"শ্রমশক্তি উন্নয়নে বিনিয়োগ ব্যক্তি শ্রমিকদের স্টেট জুড়ে বিভিন্ন শিল্পে চাকরির জন্য প্রয়োজনীয় দক্ষতা প্রদানের জন্য আবশ্যক", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, সমগ্র স্টেটের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Councils, REDC) চেয়ারম্যান, বলেছেন।** "শ্রম বাজারের চাহিদাগুলি বজায় রাখার জন্য, নিউইয়র্কে দক্ষতামূলক ফাঁক বন্ধ করতে নিয়োগকারীদের জন্য একটি প্রতিভার পাইপলাইন তৈরির জন্য উন্নত উৎপাদন, স্বাস্থ্যসেবা এবং শক্তি উৎপাদন কর্মীদের প্রশিক্ষণের পথ পরিচালনা করতে হবে। শ্রমশক্তি উন্নয়ন প্রতিযোগিতা দক্ষ প্রশিক্ষকদের খুঁজে বের করবে যাতে আমাদের কমিউনিটিতে ভালো বেতনের চাকরির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা যায়, এটি আমাদের অর্থনীতিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।"

2018 সালের জানুয়ারি মাসে গভর্নর কুওমো নিউইয়র্ক স্টেটের শ্রমশক্তি উন্নয়নকল্পে শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগটি চালুর ঘোষণা দিয়েছেন। এই নতুন সংযুক্ত অর্থায়ন আবেদন (Consolidated

Funding Application, CFA) শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগ-এর একক প্রবেশ পথ হিসেবে কাজ করবে। এছাড়া, স্টেটের 10টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল স্ব-স্ব অঞ্চলের অর্থনৈতিক ও শ্রমশক্তি উন্নয়ন পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ প্রকল্প সুপারিশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। REDC-এর মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন তহবিলের বন্টন একটি পরীক্ষিত ও সফল মডেল যা নিজ-নিজ অঞ্চলের ভবিষ্যত পরিকল্পনায় উচ্চশিক্ষা, শিল্প ও সরকারি নেতাদেরকে পরিকল্পনায় অন্তর্ভূক্ত করে থাকে। REDC প্রক্রিয়ার আটটি রাউন্ডের পরে, প্রতিটি অঞ্চলের কৌশলগত পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ 7,300 এরও বেশী চাকরির সৃষ্টি করেছে এবং কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্পগুলির জন্য 6.1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি পুরস্কার প্রদান করা হয়েছে, যা 230,000 এরও বেশি চাকরি তৈরি ও বজায় রাখতে সক্ষম। শ্রমশক্তির বিনিয়োগের জন্য একটি নতুন CFA প্রতিষ্ঠা এই ঊর্ধ্বমূখী পরিকল্পনার সাফল্যের উপর নির্মিত।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, চিফ একজেকিউটিভ অফিসার এবং কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "আমাদের অর্থনৈতিক বিকাশের সাথে সাথে শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগটি জাতির জন্য একটি মডেল তৈরি করবে যা নিউইয়র্কের অধিবাসীদের চাকরির বাজারে প্রতিযোগিতা-সক্ষমতা প্রদান করবে, কারণ চাকরির বাজার নিয়ত পরিবর্তনশীল এবং আরও বেশি প্রতিযোগিতা-মূলক হয়ে উঠছে।"

নিউ ওয়ার্ক স্টেট ডিপার্টমেন্টের শ্রম কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "প্রযুক্তিগত উন্নয়ন ও নতুন প্রজন্মের ভোক্তাগণ আমাদের চাকরির ধরনকে দ্রুত বদলে দিচ্ছে। সরকার নিশ্চিত করছে যে নিউইয়র্ক শ্রমশক্তি উন্নয়নের নতুন-নতুন ধারণায় জোর দেওয়ার মাধ্যমে এসব রূপান্তরের চ্যালেঞ্জগুলো সরাসরি মোকাবেলার জন্য প্রস্তুত।"

SUNY-র চ্যান্সেলর ক্রিস্টিনা এম.জনসন বলেছেন, "উচ্চমানসম্পন্ন শিক্ষা প্রদান ও শিক্ষার্থীদেরকে ভবিষ্যতের প্রতিযোগিতামূলক চাকরির জন্য প্রস্তুত করা SUNY-র মূল লক্ষ্য এবং এই উদ্যোগটি নিউইয়র্কের বিদ্যমান দক্ষ শ্রমশক্তিকে আরও সুদক্ষ করে গড়ে তুলবে। বর্তমান ও ভবিষ্যতের প্রত্যেক কর্মীর সেরাটা নিশ্চিত করতে এবং সর্বাধিক উচ্চতর দক্ষতা সম্পন্ন কর্মী তৈরিতে সম্পদের সংস্থান করা ও নেতৃত্ব প্রদানের জন্য আমি আবারও গভর্নরের প্রশংসা করি।"

CUNY কাউন্সিলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "গভর্নর কুওমি'র শ্রমশক্তি উন্নয়ন উদ্যোগটি নিউইয়র্ক সিটির অর্থনৈতিক গতিশীলতার গুরুত্বপূর্ণ চালিকাশক্তি হিসেবে CUNY-র উদ্যোগের একটি শক্তিশালী অনুঘটক হিসেবে কাজ করবে। স্থানীয় মেধা বিকাশে এবং পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে সমর্থ শ্রমশক্তি তৈরিতে, এই বড় পরিকল্পনাটি আমাদের শিক্ষার্থীদের জন্য অধিক সুযোগ তৈরি করবে। একইসাথে বর্ধনশীল শিল্পখাতের কৌশলগত প্রয়োজনীয়তা পূরণে, এই উদ্যোগটি CUNY-কে শিক্ষার্থীদের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানে সহায়তা করবে; এই শিক্ষার্থীগণ নিউইয়র্কের উন্নয়নে অব্যাহতভাবে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।"

নিউইয়র্ক এসোসিয়েশন অব ট্রেইনিং এন্ড এমপ্লয়মেন্ট প্রফেশনালস (New York Association of Training and Employment Professionals)-এর নির্বাহী পরিচালক মেলিন্ডা ম্যাক বলেন, "আমরা আশান্বিত যে নিউইয়র্কে শ্রমশক্তি উন্নয়নকে অগ্রাধিকার দিতে গভর্নর সাহসী পদক্ষেপ গ্রহণ

করেছেন। প্রায় 40% নিউইয়র্কারের মাধ্যমিক বিদ্যালয় সনদ বা তারচেয়ে কম শিক্ষা রয়েছে, এবং স্টেট হিসেবে আমরা যদি আমাদের পূর্ণ অর্থনৈতিক সম্ভাবনা অর্জন করতে চাই তাহলে আমাদের অর্থনৈতিক উন্নয়নে মূল অনুষঙ্গ হিসেবে কাজ করতে আগ্রহী বা সমর্থ যে কাউকে ক্যারিয়ার গঠনে সহায়তা করা আমাদের কর্তব্য।"

এ বিষয়ক সুলভ তথ্যের তালিকা এখানে পাওয়া যাবে। CFA 8 মে, 2019 তারিখ থেকে আবেদন গ্রহণ করবে এবং প্রকল্প পরিকল্পনা ও আবেদনপত্রসমূহ নিয়মিতভাবে গ্রহণ করা হবে। এই উদ্যোগের জন্য সুলভ তহবিল বিভিন্ন স্টেট সংস্থা ও কর্তৃপক্ষের অধীনে বাস্তবায়িত বিভিন্ন প্রোগ্রামের জন্য ব্যয় করা হবে।

নিম্নের তিনটি শ্রেণিবিভাগের যেকোনো একটির অধীনে পুরস্কার প্রদান করা হবে:

- **21 শতকের দক্ষতা অর্জনে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব:** এসব প্রোগ্রাম আঞ্চলিক নিয়োগকারী প্রতিষ্ঠানগুলোর প্রয়োজন মেটাতে দক্ষ মানবসম্পদ তৈরিতে SUNY ও CUNY'র অবকাঠামো ও সক্ষমতা বাড়াবে। এসব সম্পদ শ্রেণিকক্ষের আকার বৃদ্ধি, প্রযুক্তি ও উপকরণ ক্রয়, এবং শিল্পের সাথ সংযোগ রয়েছে এরূপ কারিকুলাম তৈরিতে অর্থায়ন করবে। এসব প্রোগ্রাম এছাড়াও বিজ্ঞান, বিজ্ঞান-প্রযুক্তি-প্রকৌশল-গণিত (STEM), ও অগ্রসর উৎপাদন খাতে ইন্টার্নীশিপ; কো-অপ শিক্ষণ; শিক্ষাণবীশ কার্যক্রম; এবং সরকারি চাকরি-কালীণ-প্রশিক্ষণ-এর মতো কাঠামোগত কর্ম-ভিত্তিক শিক্ষণ অভিজ্ঞতা তৈরিতে আঞ্চলিক নিয়োগকারী প্রতিষ্ঠানগুলোর সাথে শিক্ষার্থীদের সংযোগ ঘটায়। এই শ্রেণিভূক্ত প্রোগ্রামগুলোর জন্য সুলভ তহবিল SUNY ও CUNY'র মাধ্যমে প্রদান করা হয়, এবং এর অধীনে প্রদত্ত সহায়তাসমূহের মধ্যে রয়েছে নগদ অর্থ, শিক্ষাণবীশ প্রদান, কাস্টমাইজকৃত কারিকুলাম ও নতুন চাকরির সংযোগ সুবিধা প্রদান।

- **নিয়োগকারীদের দাহিদা-ভিত্তিক দক্ষতা:** এসব প্রোগ্রাম দক্ষ শ্রমশক্তির সরবরাহে নিয়োগকারীদের বিনিয়োগকে সম্প্রসারিত করে। প্রদত্ত সংস্থানের মধ্যে রয়েছে অর্থ বা ট্যাক্স ক্রেডিট সুবিধা যার মাধ্যমে নতুন শ্রমিকদের প্রশিক্ষণ দেওয়া যায় এবং একেবারে অদক্ষ শ্রমিকদের নিয়োগ ও প্রশিক্ষণ দেওয়া যায়। আবেদন সরাসরি নিয়োগকারীদের কাছ থেকে আসতে হবে। এই শ্রেণিভূক্ত তহবিল প্রদান করে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor), দি নিউইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ডিভেলপমেন্ট অথারিটি (New York State Energy Research Development Authority, NYSERDA), এবং নিয়োগকারীরর চাহিদা-ভিত্তিক কর্মীর জন্য এম্পায়ার স্টেট ডিভেলপমেন্ট।

- **শ্রমশক্তি সমাধান:** শ্রমশক্তি সমাধান প্রোগ্রাম উদ্ভাবনী শ্রমশক্তি উন্নয়ন প্রকল্পগুলোতে নমনীয় শর্তে অর্থায়ন করে থাকে। তহবিলের আওতায় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর স্বল্পমেয়াদী শ্রমশক্তির প্রয়োজন মেটানো, শিল্পের দীর্ঘমেয়াদী প্রয়োজন পূরণ, আঞ্চলিক মেধাবী শ্রমশক্তি বাড়ানো, এবং শিক্ষানবীশ সুবিধা সম্প্রসারণের জন্য কৌশলগত

আঞ্চলিক উদ্যোগগুলোকে সহায়তা করা হবে। বর্ধিষ্ণু চাকরির বাজার-যুক্ত উদীয়মান খাতে উল্লেখযোগ্য শিল্প উদ্যোগগুলোর উপর জোর দেওয়া হবে। এছাড়াও এইসব তহবিল নারী, যুব শ্রমিক, এবং ক্যারিয়ার এগিয়ে নিতে উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হয় এমন জনগোষ্ঠীর অর্থনৈতিক নিরাপত্তা বৃদ্ধিতেও সহায়তা করবে। সফল আবেদনের মধ্যে থাকতে পারে সেক্টর ও শিল্প-ক্লাস্টার-ভিত্তিক কৌশলসমূহ যা কর্মী স্বল্পতার দিকটি আঞ্চলিকভাবে সমাধানের চেষ্টা করে এবং সেসব প্রকল্প যেগুলোর বর্তমান ও আসন্ন কর্মসংস্থানের চাহিদা দ্রুত পূরণের সম্ভাবনা রয়েছে। অংশগ্রহণকারী সংস্থা ও কর্তৃপক্ষের প্রদত্ত তহবিলের সাথে প্রকল্পের বিস্তারিতের উপর ভিত্তি করে তৈরি করা প্রস্তাবনার সাথে মিলানো হবে।

স্টেট জুড়ে মোকাবেলা করা নানা প্রকার শ্রমশক্তি উন্নয়ন চ্যালেঞ্জের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন ধরনের প্রকল্পকে অর্থায়নের জন্য বিবেচনা করা হবে। নজর দেওয়া হবে শ্রমের বর্ধিষ্ণু চাহিদাযুক্ত উদীয়মান খাতগুলোর আঞ্চলিকভাবে উল্লেখযোগ্য শিল্পগুলোর দিকে, এসব শিল্পের মধ্যে রয়েছে স্বচ্ছ জ্বালানি, জীবতত্ত্ব, কম্পিউটার বিজ্ঞান ও উন্নত প্রযুক্তি খাত। সব প্রকল্প ও কার্যক্রম আঞ্চলিক শ্রমশক্তি উন্নয়ন পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে। আঞ্চলিক পর্ষদগুলো কৌশলগত সেসব আঞ্চলিক উদ্যোগসমূহকে সহায়তার উপর নজর দিবে যেগুলো ব্যবসা প্রতিষ্ঠানগুলোর স্বল্পমেয়াদী প্রয়োজন মেটায়, শিল্পের দীর্ঘমেয়াদী প্রয়োজন পূরণ করে, আঞ্চলিক মেধাবী শ্রমশক্তি বাড়ায়, এবং শিক্ষানবীশ সুবিধা সম্প্রসারণ করে।

সংযুক্ত অর্থায়ন আবেদন পরিচিতি
স্টেটের অর্থনৈতিক উন্নয়ন মডেল পরিশীলিতকরণে গভর্নর কুওমো'র প্রচেষ্টার অংশ হিসেবে অনুদান আবেদন সহজ ও ত্বরান্বিত করতে নিউইয়র্ক স্টেট সংযুক্ত অর্থায়ন আবেদন (CFA) তৈরি করা হয়েছে। স্টেট-এর সম্পদ যেভাবে বরাদ্দ করা হতো CFA প্রক্রিয়া তা থেকে একটি মৌলিক পরিবর্তন; নতুন প্রক্রিয়ার মাধ্যমে স্থানীয় অর্থনৈতিক উন্নয়ন চাহিদা পূরণে আমলাতান্ত্রিক জটিলতা কমানো যায় এবং দক্ষতা বাড়ানো যায়। CFA অর্থনৈতিক উন্নয়ন তহবিল সহায়তা পাওয়ার একক প্রবেশ পথ; এর মাধ্যমে আবেদনকারীগণ যেন সমন্বয়হীন ধীরগতির একাধিক সংস্থা ও উৎসের সন্ধান না করতে হয় সেটি নিশ্চিত করা সম্ভব। বর্তমানে, অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলো একটি আবেদনের মাধ্যমেই একাধিক স্টেট তহবিল পেতে সহায়ক কৌশল হিসেবে CFA ব্যবহার করে যার ফলে প্রক্রিয়াটি বেশ দ্রুত, সহজ, ও আরও বেশি উৎপাদনশীল হয়। CFA-তে অ্যাক্সেস করতে, অনুগ্রহ করে https://apps.cio.ny.gov/apps/cfa/ পরিদর্শন করুন।

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Councils, REDC) বিষয়ে
আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (REDC) উদ্যোগ প্রাদেশিক বিনিয়োগ এবং অর্থনৈতিক উন্নয়নে গভর্নর কুওমোর দৃষ্টিভঙ্গির একটি মূল উপাদান। 2011 সালে, গভর্নর কুওমো তাদের অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা বিকাশের জন্য 10 আঞ্চলিক পরিষদ প্রতিষ্ঠা করেছিলেন। কাউন্সিলগুলি স্থানীয় বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের ব্যবসা, একাডেমী, স্থানীয় সরকার এবং বেসরকারি সংস্থাগুলির দ্বারা গঠিত ব্যক্তিগত অংশীদারিত্ব। আঞ্চলিক কাউন্সিলগুলি একটি গোষ্ঠী ভিত্তিক, সর্বনিম্ন পদ্ধতির অবস্থান এবং রাষ্ট্রীয় সম্পদগুলির

জন্য প্রতিযোগিতামূলক প্রক্রিয়া স্থাপন করে নিউ ইয়র্কের চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির পথে বিনিয়োগের পথকে পুনরায় সংজ্ঞায়িত করেছে। আঞ্চলিক পরিষদের আরও তথ্যের জন্য, www.regionalcouncils.ny.gov দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন